গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ৩য় নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২০/০২/২০২৩; দুপুর: ০২.০০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : | সংযুক্ত (পরিশিষ্ট-ক)। |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেমায়েত হোসেন আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মন্ত্রণালয়কে বলেন যে, মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় প্রান্তিকের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরের অর্ধ-বার্ষিক (১ম ও ২য় প্রান্তিক) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর ১৪/০২/২০২৩ তারিখে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। এ মন্ত্রণালয়ের অগ্রগতি সন্তোষজনক।

২.১ এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.২ ক্রমিকে রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, ২.৪ ক্রমিকের প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ২.৫ ক্রমিকে প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি কার্যক্রম সম্পাদনের পর কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষনিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্বারোপ করেন।

২.২ ১০ টি জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রতি কোয়ার্টারে ০১ টি করে গণশুনানী আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। গণশুনানীসমূহে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, স্টেকহোল্ডার ও সাংবাদিকদের উপস্থিত করার বিষয়ে আলোচনা করা হয়।

২.৩ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসে গবাদিপশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ এবং উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস-মুরগি লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনি ২০২৩ উদযাপনের বিষয়ে আলোচনা করা হয়।

২.৪ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা শহরের ভ্রাম্যমান মাছ বিক্রির স্পট বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। মৎস্য অবতরণ কেন্দ্রে ডিজিটাল পদ্ধতিতে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বারোপ করা হয়।

২.৫ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বিভিসি এর প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তর করার নির্দেশনা প্রদান করা হয়।

২.৬ বিএলআরআই এর গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবার মূল্য তালিকা নির্ধারিত সময়ের মধ্যে অফিস সম্মুখে প্রদর্শন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। মেরিন ফিশারিজ একাডেমিতে স্থাপিত ট্রান্সপারেন্ট অভিযোগ বক্সসমূহে নিয়মিত মনিটরিং এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিদ্ধান্তঃ

(১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(২) গত ১৪/০২/২০২৩ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ফিডব্যাক সভার মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

(৩) প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতাধীন উপজেলা অফিসে গবাদি পশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

(৪) উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে গবাদি পশু পাখি ও হাঁসমুরগী পালনের আগ্রহ বৃদ্ধির জন্য প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নাহিদ রশীদ)
সচিব
ও
সভাপতি
শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি

নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের নমুনা

সভার নামঃ নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা

সভার তারিখঃ ২০ ফেব্রুয়ারি ২০২২

| ক্রমিক নং | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৩ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | |
| ২। | গত ১৪/০২/২০২৩ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ফিডব্যাক সভার মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | গত ১৪/০২/২০২৩ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ফিডব্যাক সভার মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম চলমান রয়েছে। | |
| ৩। | প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতাধীন উপজেলা অফিসে গবাদি পশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতাধীন উপজেলা অফিসে গবাদি পশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | প্রমাণক সংযুক্ত |
| ৪। | উদ্যোক্তা সৃষ্টিতে গবাদি পশু পাখি ও হাঁসমুরগী পালনে উদ্যোক্তা সৃষ্টি ও সর্বসাধারণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উদ্যোক্তা সৃষ্টিতে গবাদি পশু পাখি ও হাঁসমুরগী পালনে উদ্যোক্তা সৃষ্টি ও সর্বসাধারণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ২৫-২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রমাণক সংযুক্ত |

মোঃ হেমায়েত হোসেন
যুগ্মসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার